

# ডিগ্রি পরীক্ষার সময় বাড়ল আধা ঘণ্টা

ନିଜସ୍ବ ପ୍ରତିବେଦକ

২৪ নভেম্বর ২০২৪, ১২:০০ এএম



# নতুন ধারার দৈনিক **আমাদ্বিমণ্ডি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স তৃতীয় বর্ষের সব বিষয়ের পরীক্ষায় ৩০ মিনিট করে সময় বাঢ়ানো হচ্ছে। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

UNIBOTS

এতে বলা হয়েছে, ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স তৃতীয় বর্ষের যে বিষয়ের পরীক্ষা তিনি ঘন্টা হওয়ার কথা ছিল, সেটি এখন সাড়ে তিনি ঘন্টা হবে। আর যে বিষয়গুলোর পরীক্ষা সাড়ে তিনি ঘন্টা হওয়ার কথা ছিল, সেটি এখন হবে চার ঘন্টা। প্রশ্নপত্রে যে সময়ই থাকক, ৩০ মিনিট

করে সময় বাড়বে বলেও বিজ্ঞপ্তিতে বলা হয়।

অন্য শিক্ষাবর্ষের ডিপ্রি পাস ও সার্টিফিকেট কোর্সের পরীক্ষাতেও সময় বাড়বে কি না, এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) মো. এনামুল করিম বলেন, এটি এখনই বলা যাচ্ছে না। আপাতত ২০২২ সালের ডিপ্রি পাস ও সার্টিফিকেট কোর্স তৃতীয় বর্ষের পরীক্ষার জন্য এটি বহাল থাকবে। অন্য পরীক্ষাগুলোর সময় বাড়ানোর বিষয়টি আমরা পর্যালোচনা করে সিদ্ধান্ত নেব।

উল্লেখ্য, তৃতীয় বর্ষের পরীক্ষা আগামীকাল সোমবার থেকে শুরু হয়ে আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।